# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসাম মন্ত্রীসভার সামান্য সম্প্রসারণ করে এতে বরাক উপত্যকা থেকে একজন বিধায়ককে অর্ন্তভুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ।

২) আগামী বছরের শেষ দিকে গৌহাটি এবং উত্তর গৌহাটির মধ্যে যোগাযোগকারী ব্রহ্মপুত্র নদের ওপর নির্মীয়মান সেতুর কাজ সম্পূর্ণ হওয়ার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সেতুর সূচনা করবেন বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ ।

৩) আসামের প্রবীন বিজ্ঞানী ডক্টর রাজীব গগৈর বিভিন্ন উদ্ভিদ প্রজাতির গবেষণার জন্য আর্ন্তজাতিক স্বীকৃতি ।

এবং

৪) কাছাড় জেলা প্রশাসনের শিলচর শহরের রাস্তা সম্প্রসারণের জন্য উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ ।

---

আসাম মন্ত্রীসভা সম্প্রসারণ সম্পর্কে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ সাংবাদিকদের কাছে একটি গুরুত্বপূর্ণ মন্তব্য করে বলেছেন খুব শীঘ্রই আসাম মন্ত্রীসভার সামান্য সম্প্রসারণ করা হবে এবং এই সম্প্রসারণে বরাক উপত্যকা থেকে একজন বিধায়ককে অর্ন্তভুক্ত করা হবে ।

---

দেশের একটি প্রাথমসারীর ব্যবসায়িক গোষ্ঠীর বিরুদ্ধে উত্থাপিত অনিয়মের অভিযোগ সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধীদের সৃষ্টি করা হুলুস্থুল পরিস্থিতির ফলে সংসদের উভয় সভার কাজ-কর্ম আজ লাগাতার তৃতীয় দিনের জন্য স্থগিত রাখতে হয় । লোকসভায় আজ কেরালার ওয়ানাড থেকে নব নির্বাচিত কংগ্রেস সাংসদ প্রিয়াঙ্কা গান্ধী এবং মহারাষ্ট্রের নান্দেড় লোকসভা আসন থেকে নির্বাচিত বি জে পি সাংসদ রবীন্দ্র বসন্ত রাও সাওয়নের শপথ গ্রহণের পরই কংগ্রেস, সমাজবাদী পার্টী, ডি এম কে এবং অন্যান্য দলগুলি তাদের উত্থাপিত প্রশ্নের উত্তর চেয়ে সংসদ উত্তাল করে তুলেন । লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সংসদের মর্যাদা এবং শিষ্টাচার অটুট রাখার আহ্বান জানানোর পরও বিরোধী দলের সদস্যরা সভার হুলুস্থুলময় পরিস্থিতি অব্যাহত রাখেন । অধ্যক্ষ উত্তেজিত সদস্যদের নিজ নিজ আসন গ্রহণ করার অনুরোধ জানান এবং একই সঙ্গে সভার কাজ-কর্ম ব্যাহত করার কোন পূর্ব পরিকল্পনা নিয়েছেন কি না বলে বিরোধীদের প্রশ্ন করেন । অধ্যক্ষ এই পরিস্থিতির মধ্যে সভার কাজ-কর্ম চালিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেও শেষ পর্যন্ত ব্যার্থ হন । এর পর অধ্যক্ষ প্রথমে দুপুর ১২টা পর্যন্ত এবং পরে সম্পূর্ণ দিনের জন্য সভার কাজ-কর্ম স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

রাজ্য সভায়ও আজকের কর্মসূচি আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে হৈ হট্টগোল পরিস্থিতির জন্য সভা স্থগিত রাখা হয়।

---

কংগ্রেস সাংসদ প্রমোদ তেওয়ারী ২৬৭ নম্বর অধিনিয়মের অধীনে দেশের একটি প্রথম সারীর ব্যবসায়ীক গোষ্ঠীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ এবং অন্যান্য বিষয় সম্পর্কে সভা স্থগিত প্রস্তাব উত্থাপনের দাবী জানান । শ্রী তেওয়ারীর এক দাবীর প্রতি বিরোধী দলের অন্যান্য সদস্যরাও সমর্থন জানান । রাজ্যসভার চেয়ারম্যানে জগদীপ ধনখড় বিরোধী দলের সভা স্থগিত প্রস্তাব প্রত্যাখ্যান করায় সভায় হুলুস্থুল পরিস্থিতির সৃষ্টি হয় এবং পরবর্তী সময়ে সভাপতি রাজ্যসভার কাজ-কর্ম সম্পূর্ণ দিনের জন্য স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

এদিকে কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী লোকসভা এবং রাজ্যসভার কাজ-কর্ম ব্যাহত করার জন্য বিরোধী দলগুলির তীব্র সমালোচনা করেছেন । সংসদ ভবণ প্রাঙ্গনে সংবাদ মাধ্যমকে সম্মোধন করে শ্রী যোশী বলেন যে সরকার লোকসভার অধ্যক্ষ এবং রাজ্যসভার সভাপতির অনুমোদীত যেকোন বিষয় নিয়ে আলোচনায় প্রস্তুত রয়েছে ।

---

রাজ্য সরকার সম্প্রতি অনুষ্ঠিত করা প্রত্যক্ষ নিযুক্তি প্রক্রিয়ার পর বিদ্যালয়গুলিতে নতুনকরে আর চতুর্থশ্রেণীর কর্মচারী নিয়োগ নাকরার সিদ্ধান্ত গ্রহণ করেছে । এর পরিবর্তে এই শ্রেনীর পদের জন্য ব্যাক্তিগত নিযুক্তি সংস্থার মাধ্যমে এম টি এস অর্থাৎ মাল্টি টাস্কিং ষ্টাফ নিয়োগ করা হবে ।শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু গতকাল গৌহাটীতে এক সাংবাদিক সম্মলনে একথা জানান । তিনি বলেন যে এধরণের মাল্টি টাস্কিং ষ্টাফ নিযুক্তির ক্ষেত্রে শিক্ষা বিভাগ নিজে কোনো ভূমিকা পালন করেনা ।এই নিয়োগের ক্ষেত্রে বিদ্যালয় কতৃপক্ষের ওপর সম্পূর্ন কতৃত্ব থাকবে ।শিক্ষামন্ত্রী এসম্পর্কে বলেন যে চতুর্থ শ্রেণীর পদের জন্য আগে নিযূক্তি প্রদান করা কোনো একটি জেলার বিদ্যালয়ে অন্য জেলার কেউ নিযুক্তি লাভ করলে সংশ্লিষ্ট অঞ্চলের লোক আপত্তি করেছিল । কিন্তু মাল্টি টাস্কিং ষ্টাফ নিযুক্তির ক্ষেত্রে বিদ্যালয় কতৃপক্ষ স্থানীয় বেকার যুবক যুবতীদের নিযূক্তি দিতে পারবে ।অন্যদিকে রাজ্য সরকারের অধীন যেসব চতুর্থশ্রেণীর কর্মচারী বর্তমানে নিয়োজিত রয়েছে তাদের কাজ আগের মতো ই অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন ।

এদিকে শিক্ষা বিভাগে ভবিষ্যতে আর ঠিকাভিত্তিক শিক্ষক নিযুক্তি প্রদান করা হবেনা বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন । এখন থেকে শুধু নিয়মিত টেট শিক্ষকের পদে নিযূক্তি প্রদান করা হবে বলে উল্লেখ করে তিনি আগামী মে মাসের মধ্যে পুনরায় ৯ হাজার পদের জন্য নিযুক্তি প্রক্রিয়া অনুষ্ঠিত হবে বলে জানান ।

---------------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু আগামী ৩০ শে নভেম্বর বেশ কয়েকটি শিক্ষা সংগঠনের সংগে দিসপুরে জনতা ভবনে এক বৈঠকে মিলিত হবেন । এই বৈঠকে চাকুরীর সেবাবৃদ্ধি সম্পর্কে আলোচনা করা হবে । আসাম হাইস্কুল শিক্ষক সংস্থা , সারা আসাম সরকারী বিদ্যালয় সেবা সংস্থা , সারা আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষক কর্মচারী সংস্থা সহ আরো কয়েকটি সংগঠনকে এই বৈঠকে আমন্ত্রন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ রাজ্যের সড়ক যোগাযোগ ব্যবস্থায় নতুন মাত্রা সংযোজন করার উদ্দেশ্যে গৌহাটি এবং উত্তর গৌহাটি সংযোগী নির্মীয়মান সেতু প্রকল্পটি পরিদর্শন করেন । পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী এই নির্মান কার্যের সঙ্গে যুক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি, পূর্ত বিভাগের আধিকারিক এবং অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে নির্মানকার্যের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন । ব্রম্মপুত্র নদের ওপর নির্মীয়মান এই সেতুর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে তিনি কতৃপক্ষকে নির্দেশ দেন । এর পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ডক্টর শর্মা বলেন যে

গৌহাটি এবং উত্তর গৌহাটির মধ্যে যোগাযোগের ক্ষেত্রে এই সেতু এক বিশেষ ভূমিকা পালন করবে । প্রায় ৩ হাজার কোটি টাকা ব্যায় সাপেক্ষে নির্মীয়মান এই সেতুর কাজ প্রায় সম্পূর্ণ হওয়ার পথে বলেও মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান । ডক্টর শর্মা আরো জানান যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সেতুর শিলান্যাস করেছিলেন ফলে আগামী বছরের শেষের দিকে প্রধানমন্ত্রী নিজেই এই সেতুর সূচনা করবেন ।

---------------------------------------------------------------------------------------------

কৃষি ক্ষেত্রের সর্বাংগীন উন্নয়নের জন্য রাজ্য সরকার কৃষি বিভাগে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে ।খারিফ বিপণন ঋতু ২০২৪-২৫ সালে প্রতি কুইন্টালে নূন্যতম সমর্থিত মূল্য ২ হাজার ৩০০ টাকায় কৃষক থেকে ধান ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে । ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে ধান ক্রয়ের ব্যবস্থা আরম্ভ হবে ।এই ব্যবস্থার মাধ্যমে উপকৃত হতে কৃষকদের জেলা কৃষি আধিকারিক অথবা কৃষি উন্নয়ন আধিকারিকের সংগে যোগাযোগ করতে কৃষি মন্ত্রী অতুল বরা আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

আসামের প্রবীন বিজ্ঞানী ড: রাজীব গগৈ ২০১২ সাল থেকে উত্তরপূর্বাঞ্চলের বিভিন্ন স্থানে গবেষনা করে এপর্যন্ত কম করে ও ২০ টি উদ্ভিদ প্রজাতি আবিষ্কার করেছেন ।বিজ্ঞানীর এই বিষয়টি ভারতের হয়ে আর্ন্তজাতিক পর্যায়ে গুরুত্ব পেয়েছে । উদ্ভিদ প্রজাতি আবিষ্কারের এই গবেষনার জন্য ড: গগৈকে সুইজারল্যান্ড থেকে প্রকাশিত বিশ্বের প্রথমসারির আলোচনা সম্পর্কীত পত্রিকায় স্বীকৃতি প্রদান করা হয় ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ বিজ্ঞানীকে অভিনন্দন জ্ঞাপন করে বলেন যে ১৯৪৭ সাল তেকে ২০২৩ সাল পর্যন্ত এই বিষয়টি গবেষনার ক্ষেত্রে বিশ্বের মধ্যে তিনি চতুর্থ স্থান লাভ করতে সমর্থ হয়েছেন । ড: গগৈর দলটির করা গবেষনার সাফল্যের জন্য ভারতীয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগ সমীক্ষা বিভাগকে বিশ্বের মধ্যে পঞ্চম প্রতিষ্ঠান হিসেবে চিহ্নিত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন শিলচর শহরের রাস্তা সম্প্রসারণের জন্য একটি উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে । এই অনুসারে শিলচর রাঙ্গিরখাড়ি পয়েন্ট থেকে মেহেরপুরের বীরবল বাজার পর্যন্ত দুই-লেনের রাস্তাকে চার-লেনের সড়কে পরিনত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে । শহরের ব্যাস্ততম এই অংশের যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে এবং যানজটমুক্ত করার উদ্দেশ্যে কাছাড়ের আয়ুক্ত মৃদুল কুমার যাদব সম্প্রতি এই সড়ক এবং পার্শবর্তী এলাকা পরিদর্শন করে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন । পরিদর্শনকালে শ্রী যাদব ওই সড়কের মূল্যায়ন এবং প্রস্তাবিত সম্প্রসারণের সঙ্গে যুক্ত

কয়েকটি সরকারী ভবণ ও সীমানা প্রাচীর খতিয়ে দেখেন । তিনি নিরাপত্তা ব্যবস্থার ওপর প্রথমিক গুরুত্ব আরোপ করে এই সড়ক নির্মানের সময় দীর্ঘমেয়াদী নির্মান কাজের ওপর বিশেষভাবে সতর্ক দৃষ্টি দিতে সংশ্লিষ্ট কতৃপক্ষকে নির্দেশ দেন । এই সড়ক শিলচর মেডিকেল কলেজ পর্যন্ত সম্প্রসারণ করার প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে মূখ্যমন্ত্রীর পথ নবীকরন প্রকল্পের অধীনে শিলচর সার্কিট হাউস রোড থেকে ইন্ডিয়া ক্লাব পয়েন্ট হয়ে সেটেলমেন্ট অফিস পর্যন্ত আগামীকাল থেকে পাঁচ দিনের জন্য এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন । এক প্রেস বিজ্ঞপ্তীতে এখবর জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দির পুলিশ সুপার লীনা দোলে পাঁচগ্রাম পুলিশ থানার এ এস আই দিলুয়ার হোসেন লস্করকে বরখাস্ত করে বিভাগীয় তদন্তের এবং থানার ও সি কল্পজ্যোতি বরাকে বদলির নির্দেশ দিয়েছেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে গত ২৫ শে নভেম্বর পাঁচগ্রাম থানার অর্ন্তগত উত্তর কাঞ্চনপুর গ্রামের গাড়ি চালক মইনুল হোসেন লস্করকে থানায় ডেকে এনে শারীরিক নিগ্রহ করেছিলেন বলে অভিযোগ উঠেছে । ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ বাবুল লস্কর নামের এক ব্যাক্তিকেও গ্রেপ্তার করেছে ।

--------------------------------------------------------------------------------